দৈনিক ইত্তেফাক

4

তারিখ 24 APR 1997
পৃষ্ঠা ১ কলাম ৪

# মাদ্রাসা বোর্ড উদাসীন কেন

**মাইনুল হাসান ॥** মাদ্রাসা শিক্ষাবোর্ডের অধীনে আলিম, ফাজিল পরীক্ষা ৮ই মে সারাদেশে শুরু হইতেছে। এইচ, এস,সি পরীক্ষার সাথেই এ পরীক্ষা চলিবে। মাধ্য-

(২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## মাদ্রাসা বোর্ড

(১ম পৃঃ পর)

মিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড ইতিমধ্যেই প্রশ্নপত্র কেন্দ্রে প্রেরণ করিয়াছে। কিন্তু মাদ্রাসা শিক্ষাবোর্ড প্রশ্নপত্র কেন্দ্রে প্রেরণ দুরের কথা প্রশ্নপত্র সরকারী মুদ্রণালয় হইতে সংগ্রহের জন্য এখনও জেলা প্রশাসকদের পত্র দেন নাই। পত্র পাইবার পর ম্যাজিষ্ট্রেট পাঠানো হয় মুদ্রণালয়ে। সেখান হইতে প্রশ্নের ট্রাংক গ্রহণ করিয়া উহা জেলা সদরের ট্রেজারীতে রাখা হয়। কেন্দ্রে কেন্দ্রে ঐ ট্রাংক পাঠানো হয় ট্রেজারী হইতে। সেখানে আবার ম্যাজিষ্ট্রেটের উপস্থিতিতে বিষয়ওয়ারী প্যাকেট পরীক্ষা করা হয়। এ সকল আনুষ্ঠানিকতা সম্পন্নে প্রচুর সময়ের প্রয়োজন। মাদ্রাসা বোর্ড প্রশ্ন প্রেরণের কোন ব্যবস্থা এখনও গ্রহণ না করায় জেলা প্রশাসন উদ্বিগ্ন। বরিশালের জেলা প্রশাসকের পক্ষ হইতে সোমবার মাদ্রাসা বোর্ডে বেশ কয়েকবার ফোনে যোগাযোগের চেষ্টা চালানো হয়। কিন্তু কোন কর্মকর্তাকে পাওয়া যায় নাই।